দৈনিক ইনকিলাব

তারিখ 26 MAY 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

113

# শিক্ষাঙ্গন

## পরীক্ষার এ পরিবেশ যেন অক্ষুণ্ণ থাকে

সম্প্রতি সমাপ্ত এসএসসি পরীক্ষা অনুষ্ঠানকালীন যে পরিবেশ বিরাজ করেছে তা খুবই আশাব্যঞ্জক। এবার লক্ষ্য করা গেছে যে, কেন্দ্রের আশপাশে কর্তব্যরত পুলিশ ছাড়া অনেক দূর পর্যন্ত লোকজনের কোন সমাগম ছিল না, ছিল না কোন দৌড়াদৌড়ি হুড়াহুড়ি। অথচ, ২/১ বৎসর পূর্বের অবস্থা ছিল অনেকটা যুদ্ধক্ষেত্রের মত। বাহির থেকে নকল সরবরাহকারীরা কেন্দ্রের চারি দিকে, দরজা-জানালায় এমনকি ছাদে এমনভাবে অবস্থান নিত, যেন কোন সার্কাস দেখার জন্য তারা টিকেট কেটে সেখানে এসেছে। কেউ কারো কথা মানত না। পুলিশের সংগে সর্বক্ষণ চলতো তাদের ধাওয়া-পাল্টা ধাওয়া। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হওয়া, কেন্দ্র ভাংচুরসহ রক্তপাতের ঘটনা তখন সাধারণ ব্যাপারে পরিণত হয়েছিল। সেই তুলনায় বর্তমান পরিবেশ সকল মহলে আশার সঞ্চার করে বৈকি, এ জন্য আইন প্রয়োগকারী সংস্থাসহ সংশ্লিষ্ট সবাই প্রশংসা পাওয়ার দাবী রাখে।

এ পরিবেশ সৃষ্টির পেছনে পরীক্ষা পদ্ধতি পরিবর্তনসহ অন্যান্য কোন কোন ব্যবস্থা কাজ করেছে— তা ভাল করে খতিয়ে দেখতে হবে। আসন্ন এইচএসসি পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষায়ও যাতে অনুরূপ পরিবেশ বজায় থাকে— সে জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে সচেষ্ট থাকতে হবে। সেই সংগে বর্তমান পরীক্ষা পদ্ধতির মাধ্যমে পরীক্ষার্থীর মেধা সঠিকভাবে যাচাই হচ্ছে কি-না— অভিজ্ঞ মহল সে বিষয়ে আরও চিন্তা-ভাবনা করবেন বলে আশা রাখি।

—মাহমুদা খুরশীদ চৌধুরী,

## গোপনে ভর্তি

বৃহত্তর ছাত্র সমাজের স্বার্থের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় বিএ পাস ও অনার্সে ভর্তির সময়সূচী বৃদ্ধি করেছে। কিন্তু কলেজের অধ্যক্ষ ও বিভাগীয় প্রধানগণ ভর্তি নিতে অনিচ্ছা প্রকাশ করেন। তবে, বিপুল টাকা নিয়ে গোপনে ভর্তি করানোর ঘটনাও ঘটেছে। এতে ছাত্র-ছাত্রীরা প্রতারিত হচ্ছে এবং অনেকেই ভর্তি হতে বঞ্চিত হচ্ছে। তাই শিক্ষা মন্ত্রণালয়ের এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা একান্ত অপরিহার্য। আমরা এই প্রতারণার হাত থেকে পরিত্রাণ পাবার জন্য সকলের সাহায্য কামনা করি।

—মিসেস সবিতাজ্জামান,

## পরীক্ষার সময়সূচী

আগামী ১৭ জুন হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। যশোর বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত অন্যান্য পরীক্ষার সময়সূচী সঠিক থাকলেও মানবিক বিভাগের কৃষি বিজ্ঞান ও পৌরনীতি বিষয়ের সময়সূচী সামঞ্জস্যপূর্ণ নয়। কৃষি বিজ্ঞান ও পৌরনীতি এই দু'টি বিষয়ের চারটি পরীক্ষা সকাল-বিকাল পর পর দু'দিনে অনুষ্ঠিত হবে। দু'দিনে চারটি পরীক্ষা দেওয়া অত্যন্ত কষ্টকর ব্যাপার। তাই মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের নিকট এটা একটা ভীতিপ্রদ সমস্যা। অতএব, আমি যশোর শিক্ষা বোর্ডের নিকট অনুরোধ জানাচ্ছি পরীক্ষা চারটি পৃথকভাবে নেবার জন্য।

এ টি এম সাইফুল ইসলাম।